# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | দেশজুড়ে | 20 June, 2025

বিগত ছাত্র-জনতার আন্দোলনে ময়মনসিংহের প্রথম শহীদ রেদোয়ান হাসান সাগর (২৪) হত্যা মামলায় ময়মনসিংহ-১১ (ভালুকা) আসনের সাবেক সংসদ সদস্য (এসপি) কাজীমুদ্দিন আহম্মেদ ধনু'র (৬০) জামিন না মঞ্জুর করে ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত।এ সময় কঠোর নিরাপত্তা বেষ্টনির মধ্যে এই আসামিকে ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়।

বৃহস্পতিবার (১৯ জুন) দুপুর ১২টায় ময়মনসিংহের অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. শরিফুল হক আসামির পক্ষে-বিপক্ষে রিমান্ড ও জামিন শুনানি শেষে এই আদেশ দেন।

মামলার তদন্ত কর্মকর্তা ও জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের উপপরিদর্শক (এস.আই) মো. সোহরাব আলী রিমান্ড মঞ্জুরের নিশ্চিত করেছেন।

তিনি জানান, বিগত ৫ আগস্টের পর শহীদ রেদোয়ান হাসান সাগর (২৪) হত্যার ঘটনায় একাধিক মামলা দায়ের হয়।এর মধ্যে বিএনপির নির্বাহী কমিটির সহসাংগঠনিক সম্পাদক আবু ওয়াহাব আকন্দ ওয়াহিদের দায়ের করা একটি মামলায় সম্প্রতি গ্রেপ্তার হন সাবেক সংসদ সদস্য (এসপি) কাজীমুদ্দিন আহম্মেদ ধনু।আজ একই ঘটনায় ছাত্র আন্দোলনের সমন্বয়ক রিফাত উদ্দিন আহাম্মদের দায়ের করা মামলায় আদালতে কাজীমুদ্দিন আহম্মেদ ধনুকে জিজ্ঞাসাবাদের জন্য ৭ দিনের রিমান্ড প্রার্থণা করা হয়।এ সময় বিচারক শুনানি শেষে ৫ দিনের রিমান্ড আদেশ দিয়ে আসামি পক্ষের জামিন আবেদন নামঞ্জুর করেন।

মামলায় রিমান্ড আদেশের পক্ষে শুনানি করেন জেলা ও দায়রা জজ আদালতের পিপি অ্যাড. আনোয়ারুল আজিজ টুটুল, জেলা আইনজীবী সমিতির সদস্য সচিব সাদ উদ্দিন প্রিন্সসহ প্রায় দুই ডজন আইনজীবী।এ সময় আসামি পক্ষের শুনানিতে অংশ নেন অ্যাড. এমদাদুল হক, টিএইচ খান তাপস, আ. রাজ্জাকসহ আরও কয়েকজন আইনজীবী।

এর গত ১৫ মে ঢাকার আফতাব নগর এলাকা থেকে যাত্রাবাড়ী থানার একটি হত্যা মামলায় সাবেক সংসদ সদস্য (এসপি) কাজীমুদ্দিন আহম্মেদ ধনুকে গ্রেপ্তার করা হন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন রিমান্ড

© 2025 TimesToday. All Rights Reserved.